

সাংবাদিককে প্রাণনাশের হুমকি
 টাবিতে ছাত্রলীগের হামলার
 শিকার ছাত্রদল কর্মীরা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গতকাল পৃথক ঘটনায় ছাত্রলীগের নব্য কর্মীদের হামলার শিকার হয়েছে ছাত্রদলের নেতাকর্মীরা। মারধর করে কেড়ে নেয়া হয় ছাত্রদল সূর্য সেন হল শাখার সাধারণ সম্পাদকের মোটরসাইকেল। পরে ছাত্রলীগের সিনিয়র নেতাদের মধ্যস্থতায় মোটরসাইকেল ফিরিয়ে দেয়া হয়। একিকে ডেইলি-নিউ এজের বিশ্ববিদ্যালয় রিপোর্টার দিলশাদ হোসেন নৌদুলকে সোমবার রাতে প্রাণনাশের হুমকি দিয়েছেন শামসুন্নাহার হল ছাত্রলীগের এক নেত্রী।

জানা গেছে, গতকাল দুপুর ১২টার দিকে মুহম্মীন হলের ছাত্রদল কর্মী জুয়েলকে মারধর করে একই হলের ছাত্রলীগের নব্য কর্মীরা। দুপুরে জুয়েলকে কক্যভবনের সামনে একা পেয়ে তারা মারধর করে। জুয়েল ও হামলাকারীরা উভয়ই আগে ছাত্রদল কর্মী ছিল।

সূর্য সেন হল শাখার ছাত্রদল সাধারণ সম্পাদক অনিক গতকাল মোটরসাইকেলে কেন্দ্রীয় লাইব্রেরির সামনে গেলে ছাত্রলীগ সূর্য সেন হল শাখার জুনিয়র কর্মীরা তাকে মারধর করে। এ সময় কেড়ে নেয়া হয় তার মোটরসাইকেল। পরে কেন্দ্রীয় নেতাদের মধ্যস্থতায় মোটরসাইকেল ফিরিয়ে দেয়া হয়। বিকালে টিএসসি এলাকায় কবি জসীম উদ্দীন হলের ছাত্রলীগ কর্মী মেহেদী ও সাইফুরসহ ৮-১০ জন নাজমুল নামে ছাত্রদলের এক কর্মীকে মারধর করে। এতে সে হাতে গুরুতর ব্যথা পায়। নাজমুল নূরিসহান তৃতীয় বর্ষের ছাত্র।